**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ১৬ আগস্ট ২০১৫, ১ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতির পিতার প্রতিকৃতিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
২। টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি সৌধে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
৩। সন্ত্রাস-জঙ্গিবাদমুক্ত দেশ গড়ার অঙ্গীকার : শোকাবহ ১৫ আগস্ট পালিত
৪। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল দারিদ্র্যমুক্ত সোনার বাংলা : অর্থমন্ত্রী
৫। হজ ফ্লাইট শুরু হচ্ছে আজ
৬। জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন
- সাংবাদিকদের অনুপ্রেরণা জোগাবে : তথ্যমন্ত্রী
৭। জাতীয় শোক দিবস উপলক্ষে দেশব্যাপী সরকারি হাসপাতালে ফ্রি চিকিৎসা প্রদান
৮। সেনাবাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে বাঘাইছড়িতে ৫ সন্ত্রাসী নিহত
: ১ সেনা সদস্য আহত, অস্ত্র ও গুলি উদ্ধার
৯। ৫১ ওষুধের রেজিস্ট্রেশন বাতিল, না কেনার অনুরোধ সরকারের
১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কোটি টাকার স্বর্ণসহ এক যাত্রী আটক
১১। সৈয়দপুরে ট্রেনের ধাক্কায় পুলিশের পিকআপ উল্টে নিহত ৪
১২। কুষ্টিয়ায় আওয়ামী লীগের দু’পক্ষে সংঘর্ষে নিহত ১

চলমান পাতা/২

১। জাতির পিতার প্রতিকৃতিতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

জাতির গভীর ভালোবাসা ও বিনম্র শ্রদ্ধায় গতকাল ১৫ আগস্ট শনিবার স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়। সকালে ধানমণ্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় জাতীয় শোক দিবসের কর্মসূচি। সকাল পৌনে ৭টায় জাতির পিতার প্রতিকৃতিতে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রদ্ধা নিবেদন করেন। এসময় তিন বাহিনীর প্রধানগণ উপস্থিত ছিলেন। তাঁরাও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। পরে গার্ড অব অনার প্রদান করা হয়। সূত্র-ইনকিলাব, প্রথম আলো, জনকণ্ঠ, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধি সৌধে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪০তম শাহাদত বার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। গতকাল ১৫ আগস্ট শনিবার সকাল ১০টা ১৫ মিনিটের দিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও শোক দিবস উপলক্ষে তাঁর সমাধি সৌধের বেদিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। প্রধানমন্ত্রী শ্রদ্ধা নিবেদনের পর সমাধিসৌধের বেদির পাশে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এ সময় তিন বাহিনীর পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.৫)।

৩। সন্ত্রাস-জঙ্গিবাদমুক্ত দেশ গড়ার অঙ্গীকার : শোকাবহ ১৫ আগস্ট পালিত

গতকাল ১৫ আগস্ট শনিবার ছিল ইতিহাসের সবচেয়ে কলঙ্কিত দিন। জাতির ললাটে পিতৃ হন্তারকের কালিমা লিপ্ত দিন। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে অগ্নিশপথ নেওয়ার দিন। গভীর শোক, বিনম্র শ্রদ্ধা আর ভালোবাসার মধ্য দিয়ে জাতি স্মরণ করেছে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। জাতির পিতার প্রতি যথাযথ সম্মান ও ভাবগম্ভীর পরিবেশে দেশব্যাপী পালিত হয়েছে জাতীয় শোক দিবস। শোকের দিনে সপরিবারে জাতির পিতাকে স্মরণ করার পাশাপাশি সন্ত্রাস, জঙ্গিবাদ, মৌলবাদের কালো শক্তিকে প্রতিহত করার অঙ্গীকার করেছে জাতি। সে সঙ্গে আবারো দাবি উঠেছে বঙ্গবন্ধুর পলাতক খুনিদের ফিরিয়ে বিচারের রায় কার্যকর করার। সূত্র-ভোরের কাগজ, জনকণ্ঠ, সমকাল, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল দারিদ্র্যমুক্ত সোনার বাংলা : অর্থমন্ত্রী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মত্যাগ নতুন প্রজন্মের সামনে তুলে ধরার তাগিদ দিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, পৃথিবীতে বিপ্লবের বিরুদ্ধে প্রতি বিপ্লব ছিল সব সময়। আমরাও দীর্ঘদিন পর প্রতি বিপ্লবকে পরাজিত করে সত্য প্রতিষ্ঠিত করেছি। বর্তমান সরকার জাতির সামনে স্বাধীনতার সঠিক ইতিহাস তুলে ধরছে। গতকাল ১৫ আগস্ট শনিবার রিকাবীবাজারস্থ কবি নজরুল অডিটরিয়ামে সিলেট জেলা প্রশাসন আয়োজিত 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু সারাজীবন একটি ক্ষুধা, দারিদ্র্যমুক্ত অসাম্প্রদায়িক সোনার বাংলার স্বপ্ন দেখে গেছেন। বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন, তাঁর স্বপ্নের সোনার বাংলা গড়ার মাধ্যমেই আমরা জাতির পিতার প্রতি সর্বোচ্চ শ্রদ্ধা জ্ঞাপন করতে পারি। সূত্র-সংবাদ (পৃ.২, ক.৭)।

৫। হজ ফ্লাইট শুরু হচ্ছে আজ

আজ ১৬ আগস্ট রোববার শুরু হচ্ছে এবারের হজ ফ্লাইট। সকাল ৮-৩৫ মিনিটে জেদ্দার উদ্দেশে ঢাকা ছেড়ে যাবে বাংলাদেশ বিমানের প্রথম ফ্লাইট। আজ দুপুর ও রাতে ছেড়ে যাবে আরও দুটি ফ্লাইট। আশকোনা হজ ক্যাম্পে ইতোমধ্যে আসতে শুরু করেছেন হজযাত্রীরা। হজ ফ্লাইটের প্রস্তুতিও চূড়ান্ত বলে জানিয়েছে কর্তৃপক্ষ। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন, ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, বিমান চেয়ারম্যান এয়ার মার্শাল (অব.) জামাল উদ্দিন আহম্মেদ এ সময় বিমানবন্দরে উপস্থিত থেকে উদ্বোধনী ফ্লাইটের হজযাত্রীদের বিদায় জানাবেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭), সংবাদ (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

৬। জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন

- সাংবাদিকদের অনুপ্রেরণা জোগাবে : তথ্যমন্ত্রী

স্বাধীনতার ৪৪ বছর পর জাতীয় প্রেসক্লাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি স্থাপন করা হয়েছে। 'বঙ্গবন্ধুর রক্ত বৃথা যেতে দেব না' এই স্লোগানে স্লোগানে মুখরিত পরিবেশে গতকাল ১৫ আগস্ট শনিবার সকাল ৯টায় জাতীয় প্রেসক্লাবের লবির দেয়ালে উন্মোচিত হয় পাথরের ওপর খোদাই করা বঙ্গবন্ধুর প্রতিকৃতি। পরে প্রতিকৃতির বেদিতে ফুলের তোড়া দিয়ে ও বিশেষ মোনাজাতের মাধ্যমে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন সাংবাদিক নেতারা। জাতীয় প্রেসক্লাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সাংবাদিকদের পেশাগত কাজে অনুপ্রেরণা জোগাবে বলে

মন্তব্য করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল ১৫ আগস্ট শনিবার জাতীয় প্রেসক্লাবে প্রতিকৃতিতে শ্রদ্ধা জানাতে এসে তিনি এ মন্তব্য করেন। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৫), ইত্তেফাক (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.৩,ক.৪), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৭। জাতীয় শোক দিবস উপলক্ষে দেশব্যাপী সরকারি হাসপাতালে ফ্রি চিকিৎসা প্রদান

জাতীয় শোক দিবস উপলক্ষে দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল, জেলা, উপজেলা হাসপাতাল এবং ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে বিনামূল্যে চিকিৎসা দেওয়া হয়েছে। বিএসএমএমইউ : জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল ১৫ আগস্ট শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত ২৮টি বিভাগে ৯৯টি কক্ষে ২১৫ জন বিশেষজ্ঞ চিকিৎসক ৬ হাজার ৩৮৭ রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা দেন। সূত্র-সংবাদ (পৃ.২,ক.৬), জনকণ্ঠ (পৃ.৩,ক.৫)।

৮। সেনাবাহিনীর সঙ্গে বন্দুকযুদ্ধে বাঘাইছড়িতে ৫ সন্ত্রাসী নিহত

: ১ সেনা সদস্য আহত, অস্ত্র ও গুলি উদ্ধার

রাঙ্গামাটির বাঘাইছড়িতে সেনাবাহিনীর অভিযানকালে সন্ত্রাসীদের সঙ্গে গুলি বিনিময়ে ৫ সন্ত্রাসী নিহত ও ১ সেনা সদস্য আহত হয়েছেন। উদ্ধার হয়েছে সন্ত্রাসীদের ব্যবহৃত অস্ত্র ও গুলি। স্থানীয় সূত্র জানায়, সন্ত্রাসীদের অবস্থানের খবর পেয়ে সেনাবাহিনীর খাগড়াছড়ি রিজিয়নের বাঘাইহাট জোনের অধিনায়ক লে. কর্নেল আলী হায়দার সিদ্দিকীর নেতৃত্বে একটি সেনাদল ঘটনাস্থলে গেলে সন্ত্রাসীরা তাদের লক্ষ্য করে গুলি চালায়। সেনাবাহিনীও পাল্টা জবাব দিলে উভয় পক্ষের মধ্যে ব্যাপক গুলি বিনিময় হয়। সূত্র-ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, নিউ নেশন, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। ৫১ ওষুধের রেজিস্ট্রেশন বাতিল, না কেনার অনুরোধ সরকারের

রেনাটা, স্কয়ার ফার্মাসিউটিক্যালস, অপসোনিন, দ্য ইবনে সিনাসহ বেশ কয়েকটি কোম্পানির উৎপাদিত ৫১টি ওষুধের রেজিস্ট্রেশন বাতিল করেছে ওষুধ প্রশাসন অধিদপ্তর। প্যারাসিটামল, পায়োগ্লিটাজন ও রসিগ্লিটাজন গ্রুপের বাতিলকৃত ওই ওষুধগুলোর উৎপাদন, ক্রয়, বিক্রয়, বিতরণ, মজুদ ও প্রদর্শন সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। জনসাধারণকে এসব ওষুধ ব্যবহার না করার জন্যও বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মো. মোস্তাফিজুর রহমানের বরাত দিয়ে গতকাল ১৫ আগস্ট শনিবার বিভিন্ন গণমাধ্যমে এ খবর প্রকাশিত হয়। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.৬), যুগান্তর (পৃ.২,ক.৭), সমকাল (পৃ.৩,ক.৪)।

১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কোটি টাকার স্বর্ণসহ এক যাত্রী আটক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রায় ২ কেজি ওজনের ১৮টি স্বর্ণের বারসহ মো. সেলিম উদ্দিন নামে এক ব্যক্তিকে আটক করেছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিতফতর। গতকাল ১৫ আগস্ট শনিবার সকাল সাড়ে ১০টার দিকে এ স্বর্ণ উদ্ধার করা হয়। জব্দকৃত স্বর্ণের বাজারমূল্য প্রায় এক কোটি টাকা। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৮)।

১১। সৈয়দপুরে ট্রেনের ধাক্কায় পুলিশের পিকআপ উল্টে নিহত ৪

সৈয়দপুরে অরক্ষিত রেলগেটে আন্তঃনগর নীলসাগর ট্রেনের ধাক্কায় পুলিশের পিকআপ ভ্যান উল্টে গতকাল ১৫ আগস্ট শনিবার ৪ জন পুলিশ নিহত হয়েছেন। এর মধ্যে ঘটনাস্থলে ২ জন এবং রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২ জন মারা যান। আহত ৭ জনের মধ্যে আশঙ্কাজনক অবস্থায় ৪ জনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় আনা হয়েছে। ঘটনা তদন্তে রেলওয়ে কর্তৃপক্ষ ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.৬), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.২)।

১২। কুষ্টিয়ায় আওয়ামী লীগের দু'পক্ষে সংঘর্ষে নিহত ১

কুষ্টিয়ায় জাতীয় শোক দিবসে জেলা আওয়ামী লীগের র‌্যালি শেষে দু'পক্ষের সংঘর্ষে সবুজ হোসেন নামে এক যুবক নিহত এবং ১০ জন আহত হয়েছেন। গতকাল ১৫ আগস্ট শনিবার দুপুরে শহরের মজমপুর গেট এলাকায় এ সংঘর্ষ হয়। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.৫), ইত্তেফাক (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : রাষ্ট্রায়ত্ত বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেডের (বিটিসিএল) নেটওয়ার্ক নিরবচ্ছিন্ন রাখতে ফাইবার অপটিক নেটওয়ার্ক স্থাপনের জন্য ২০০ কোটি টাকার ঋণ দিতে চেয়েছিল জাপানের আন্তর্জাতিক সংস্থা জাইকা উল্লেখ করে দীর্ঘসূত্রতার কারণে শেষ পর্যন্ত গত মে মাসে এই প্রকল্প থেকে আনুষ্ঠানিকভাবে তাদের প্রত্যাহার করার কারণ অনুসন্ধান করে সংসদীয় কমিটি এ ব্যাপারে কঠোর অবস্থান নেবে এই প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তাদের জন্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলি হতে সহজে ও সহজ শর্তে ঋণ পাওয়ার বিষয়টি সুনিশ্চিত করার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : সিলেটের জাফলংয়ের পিয়াইন নদীতে অবৈধভাবে পাথর উত্তোলনের মাধ্যমে নদীর তলদেশ ও তীর বিপর্যস্ত হয়ে পড়ছে উল্লেখ করে এমন অবস্থা অব্যাহত থাকলে এক সময় প্রকৃতির বিরূপ বা রুদ্ররোষের শিকার হওয়া রোধ করতে আইনের যথার্থ প্রয়োগের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি করার আহ্বান;

ঘ. সংবাদ : সীমান্তে বিএসএফ কর্তৃক ফেলানী হত্যা মামলায় দেওয়া বিএসএফের রায় বাতিল করে মামলাটি সিবিআই বা নিরপেক্ষ কোন সংস্থাকে দিয়ে তদন্ত করার নির্দেশ দিয়েছেন ভারতের সুপ্রিম কোর্ট উল্লেখ করে ফেলানী হত্যার মামলায় ন্যায়বিচার পাওয়া যাবে এ প্রত্যাশা ব্যক্ত;

ঙ. ইনকিলাব : রাজধানীতে কোরবানির পশুর হাটের ইজারা নিয়ে নানা অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ দাবি;

চ. ডেইলি স্টার : বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বার বার তাগাদা দেওয়া সত্ত্বেও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো নিজস্ব ভবন সংক্রান্ত নানাবিধ শর্ত বিধিবিধান যথাযথভাবে মেনে না চলায় এসব বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ইউজিসিকে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট, নিউ এজ : ২০০৪ সাল থেকে এইচএসসি ও এসএসসি পরীক্ষায় বিজ্ঞান শিক্ষার্থী ক্রমান্বয়ে কমে যাওয়ার পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষকে বিজ্ঞান শিক্ষার্থীদের উৎসাহিত করতে নানা ধরনের বৃত্তির ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : দেশের বৈদেশিক বাণিজ্যের প্রবৃদ্ধি বাড়াতে রপ্তানির পথে সব ধরনের বাধা বিপত্তি অপসারণে পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঝ. নিউজ টুডে : বৃক্ষ রোপণের সময় পুষ্টির দিকে লক্ষ্য রেখে বেশি করে ফলের গাছ লাগানোতে অধিক গুরুত্ব দেওয়ার আহ্বান;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : কক্সবাজারের রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট প্রাপ্তিতে জড়িত জন প্রতিনিধিদের বিরুদ্ধে অতিদ্রুত আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে সড়ক দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের যথাযথ শাস্তি নিশ্চিত করা, নিহত ও আহতদের ক্ষতিপূরণ লাভ নিশ্চিত করা এবং দুর্ঘটনা প্রতিরোধের ব্যবস্থা ব্যাপক ও জোরদার করার মাধ্যমে এ প্রবণতা হ্রাস করা যেতে পারে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত ‘শিশু হত্যার বিচার এখন সময়ের দাবি’ শিরোনামের নিবন্ধে আ জ ম সাইফুর রহমান শিশু হত্যার বিচারে বিশেষ ধরনের আইনি প্রক্রিয়া অনুসরণ করা না হলে সমাজ থেকে এ ধরনের ঘৃণ্য অপরাধের মূলোৎপাটন করা সম্ভব হবে না বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা